

২০২০

বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমিস্টার

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৮০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) নীচের অসমাপ্ত গল্পসূত্রটিকে অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি কাহিনি নির্মাণ করো। ১০

মণিমালা ঘুম থেকে উঠেই কান্না জুড়ে দিল। শিবরাত্রির মেলার দু-দিন কেটে গেল, এখনো তার মেলায় যাওয়া হল না। সন্দীপবাবু বিকেলে ছোট্ট মণিকে মেলায় নিয়ে গেলেন। মেলায় গিয়ে মণির ফুঁটি দেখে কে। কিন্তু কেনবার সময় কিছুই পছন্দ হয় না। শেষে অনেক ঘুরে একটি স্টলে একটি মেয়েপুতুলের চোখের দিকে তার দৃষ্টি আটকে গেল। পুতুল বাড়িতে এনে আলমারিতে রেখে দিল। রাত্রে খুঁট করে একটি শব্দে মণির ঘুম ভেঙে গেল। দেখে আলমারি খোলা, পুতুলটি তার পাশে দাঁড়িয়ে হাসছে। তারপর.....

অথবা,

(খ) নিম্নলিখিত গল্পাংশটির নাট্যরূপ দাও। ১০

সাধু বললেন, শোন খোকা, ওসব পাখি কিনো না। ওগুলো চডুই পাখি রং মাখিয়ে রেখেছে।

দোকানদার তো রেগে চোঁচিয়েই উঠল একেবারে :

— মিথ্যে বদনাম দিয়ে খদ্দের তাড়িয়োনি সাধুবাবা, ভাল হবেনি বলছি! সাধু তক্ষুনি এমন হুঙ্কার ছাড়লেন যে পাখিগুলো একদম ভয়ে কাঠ। সাধু বললেন, চোপরাও! রে রে রে — নারকী এই অবোধ বালককে প্রতারণা! এক্ষুনি এই চিমটের ঘায়ে মাথা একেবারে ভেঙ্গে দেব!

পাখিওলা তখন হাত-টাত কচলে বললে, মাইরি সাধুবাবা, সবগুলো চডুই নয়। মুনিয়াই রেখেছিলুম, কিন্তু দোর খোলা পেয়ে কোথাকার দু-চারটে চডুই রং মেখে এসে ঢুকে পড়েছে। চডুইগুলো কেমন ধড়িবাজ হয় জানেন?

সাধুবাবা বললেন, জানি বৈকি! চডুইগুলো দোকানে গিয়ে রং কিনেছে, আয়নার সামনে বসে রং গায়ে মেখেছে, তারপর ভালমানুষের মতো তোমার খাঁচায় এসে ঢুকে বসেছে, পাষাণ—বর্বর—নরাধম! তোমার নরকেও জায়গা হবে না!

পাখিওলা তখন সাধুর পায়ে লম্বা হয়ে পেন্নাম ঠুকলে! তারপর বললে, ঘাট হয়েছে বাবা, তোমায় চিনতে পারিনি! মুনিয়া বিক্রির তো বারোটা বাজালে— তুমি এখানে দাঁড়িয়ে থাকলে দুটো একটা টিয়ে-ময়নাও বেচতে পারব না। এই নাও পাঁচসিকে পেন্নামী— এখান থেকে কেটে পড়ে আমায় রেহাই দাও।

সাধু বললেন, তোমার মতো প্রবঞ্চকের পাঁচসিকেই আমি ফুৎকারে নিক্ষেপ করি। চলে এসো খোকা— আমি তোমায় পাখি বেছে দিচ্ছি।

Please Turn Over

সাধুকে পেয়ে পান্নালাল মহাখুশি। বললে, ভাগ্যিস আপনি ছিলেন, নইলে এক্ষুনি আমায় ঠকিয়ে দিত!

সাধু হঠাৎ পান্নালালের কানের কাছে মুখ নামিয়ে বললেন, তোমাকে আমি একটা পাখি দিতে পারি। হাজার হাজার টাকা তার দাম! চাও তো এক্ষুনি দিতে পারি।

শুনে পান্নালালের তো মাথা ঘুরে গেল! হাজার হাজার টাকা দামের পাখি। সাধুবাবার কাছে। পান্নালাল এইবারে বুঝল, পাগলের পান্নায় পড়েছে। বললে, হাজার টাকা তো আমার নেই সাধুবাবা— সে পাখি আমি কিনব কী করে? চলি তাহলে—টা—টা—

২। (ক) কবিতা পাঠ ও আবৃত্তি এই দুয়ের মধ্যে কোনো পার্থক্য আছে কী? এ বিষয়ে বিস্তারিত আলোচনা করো। ১০

অথবা,

(খ) সরল কলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) কোনো একটি সাহিত্যকর্মকে অবলম্বন করে নির্মিত হলেও চলচ্চিত্র শেষ পর্যন্ত একজন সৃজনশীল স্রষ্টার স্বাধীন নির্মাণ।  
— আলোচনা করো। ১০

অথবা,

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্প ‘ক্ষুধিত পাষণ’ যখন তপন সিংহের পরিচালনায় চলচ্চিত্রায়িত হল তখন দুয়ের মধ্যে যে ফারাক তৈরি হল সে-সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) ‘বাড়ি থেকে পালিয়ে’ সিনেমায়, হরিদাস চরিত্রটির ভূমিকা আলোচনা করো।

(খ) টাকা লেখো— পর্ব, মাত্রা।

(গ) ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো।

(ঘ) শিবরামের উপন্যাসের প্রথম পরিচ্ছেদ-এর ঘটনাক্রমকে ঋত্বিক ঘটক তাঁর সিনেমায় কীভাবে ব্যবহার করেছেন তা লেখো।

(ঙ) ‘পথের পাঁচালী’ সিনেমায় ইন্দির ঠাকুরন ও দুর্গার মৃত্যু বোঝাতে কী কী প্রতীক সত্যজিৎ রায় ব্যবহার করেছেন?

(চ) বাংলা ভাষার/শব্দের সঠিক উচ্চারণের ক্ষেত্রে কোথাকার উচ্চারণকে আদর্শ বা মানদণ্ড ধরা হয় এবং তা কতটা যুক্তিযুক্ত সে বিষয়ে আলোচনা করো।

(ছ) ছন্দযতি ও অর্থযতি বলতে কী বোঝো?

(জ) নাট্যরূপে মঞ্চনির্দেশের গুরুত্ব সম্বন্ধে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) দলবৃত্ত ছন্দের অপর দুটি নামকরণ কী কী?

(খ) ‘বাড়ি থেকে পালিয়ে’ সিনেমার সংগীত পরিচালক কে?

(গ) সত্যজিৎ রায়ের গোয়েন্দা ফেলুদা চরিত্রে অভিনয় করেছে এমন দু-জন বাঙালি অভিনেতার নাম লেখো।

(ঘ) অঘোষ ধ্বনির দুটি উদাহরণ দাও।

- (ঙ) কলাবৃত্ত ছন্দের নাম মাত্রাবৃত্ত কে দিয়েছেন?
- (চ) 'ক্যালকাটা ফিল্ম সোসাইটির' প্রতিষ্ঠা কবে হয়?
- (ছ) ভারতীয় ছবিতে গানের শুরু কোন সিনেমায়?
- (জ) কোন ছন্দের শোষণশক্তি অসাধারণ?
- (ঝ) অপু ট্রিলজি কোন তিনটি বাংলা চলচ্চিত্রকে একত্রে বলা হয়?
- (ঞ) চলচ্চিত্রে অবদানের জন্য সত্যজিৎ রায়ের পাওয়া দুটি পুরস্কারের নাম লেখো।
- (ট) 'ক্ষুধিত পাষণে' অভিনয় করেছেন এমন দু-জনের নাম লেখো।
- (ঠ) 'পথের পাঁচালী' সিনেমাটি কবে মুক্তি পায়?
- (ড) দল ক-প্রকার ও কী কী?
- (ঢ) দুটি যৌগিক স্বরের উদাহরণ দাও।
- (ণ) রবীন্দ্রনাথের কোন ছোটগল্প অবলম্বনে সত্যজিৎ রায় 'চারুলতা' সিনেমা নির্মাণ করেন?
- (ত) বঙ্কিমচন্দ্রের উপন্যাস অবলম্বনে নির্মিত দুটি সিনেমার নাম লেখো।
- (থ) যে-কোনো একজন বাঙালি মহিলা আবৃত্তিকারের নাম লেখো।
- (দ) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমাটি কবে মুক্তি পায়?
- (ধ) বাংলা অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?
- (ন) ঋত্বিক ঘটক রচিত চলচ্চিত্র বিষয়ক একটি গ্রন্থের নাম লেখো।
-